JAN. 01 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা 2 কলাম ... 6....

# আজ থেকে ঢাকা বইমেলা

ইত্তেফাক রিপোর্ট । আজ (মঙ্গলবার) জাতীয় প্যারেড স্কয়ার চত্বরে ৮ম ঢাকা বইমেলা শুরু হবে। বিকেল ৩টায় মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। সভাপতিত্ব করবেন সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান। ১৫ জানুয়ারী পর্যন্ত প্রতিদিন বেলা ২টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত বইমেলা খোলা থাকবে। প্রবেশ মূল্য রাখা হয়েছে মাত্র ২ টাকা। ১০৮টি দেশীয় ও বিদেশী প্রকাশনা প্রতিষ্ঠান মেলায় অংশ নেবে। বিদেশী প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ভারতের পশ্চিম বঙ্গ পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড, ইরান কালচারাল সেন্টার, জাপান ও বিশ্বব্যাংক। মেলায় শতকরা ২০ ভাগ কমিশনে বই বিক্রি হবে। মেলার বাজেট ধরা হয়েছে ১৭ লাখ টাকা। মেলা চলাকালে ৩ জানুয়ারী থেকে ৫ জানুয়ারী প্রতিদিন লেখক-পাঠক মুখোমুখি অনুষ্ঠান, ৬ জানুয়ারী কবিকণ্ঠে কবিতা পাঠের আসর, ৭ জানুয়ারী জনপ্রিয় শিল্পীদের সঙ্গীতানুষ্ঠান, ৮ জানুয়ারী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা, ৯ থেকে ১১ জানুয়ারী পর্যন্ত সেমিনার, ১২ জানুয়ারী 'শত বছরের গ্রন্থাগার' শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হবে।

**বইয়ের বাজার সম্প্রসারণ করতে চাই**

এদিকে ঢাকা বইমেলার প্রাক্কালে সংস্কৃতি মন্ত্রণালয়ের উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান বলেছেন, ১৯৯৩ সালে বিএনপি সরকারের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ কলকাতা বইমেলায় অংশগ্রহণ করে আসছে। বইয়ের ক্ষেত্রে শুধু একতরফা আমদানী নয়, আমরা বই রপ্তানি করতে চাই। এ উদ্দেশ্যকে সামনে রেখেই আমরা বইয়ের বাজার সম্প্রসারণ করতে কলকাতা বইমেলায় অংশগ্রহণের সিদ্ধান্ত নিয়েছি। সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, দুঃখজনক হলেও সত্য, ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত ১ জানুয়ারী এবং ১ থেকে ৭ জানুয়ারী গ্রন্থদিবস ও গ্রন্থ সপ্তাহ পালিত হয়নি। তবে বর্তমানে এ ধারা অব্যাহত থাকবে। ঢাকা বইমেলার জন্য একটি নির্ধারিত স্থান নির্বাচন করার উদ্যোগও নেয়া হয়েছে। সংস্কৃতি সচিব নাজমুল আহসান চৌধুরী, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক আবদুল আউয়াল হাওলাদারসহ নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।